



জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী বিকাশ কেন্দ্র (পিবিকে) মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত (০০৫২৯-০৩৯৯৬-০০১৯০) এবং পিকেএসএফ, বিভিন্ন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং নিজস্ব অর্থায়নে পরিচালিত দেশের জাতীয় পর্যায়ে একটি অরাজনৈতিক, সামাজিক, বেসরকারী উন্নয়ন সংস্থা। দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন জেলায় শহর ও গ্রামে চলমান ক্ষুদ্রঋণ কর্মসূচী সম্প্রসারণের জন্য নিম্নলিখিত পদসমূহে কাজ করতে আগ্রহী কর্মী, পরিশ্রমী, সৎ এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে জরুরী ভিত্তিতে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ক্র.	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা ও মাসিক বেতন-ভাতা	অন্যান্য দক্ষতা
১)	ফিল্ড অফিসার (অভিজ্ঞ) ক্ষুদ্রঋণ কার্যক্রম ৩০ জন	শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স: সর্বোচ্চ ৩৫ বৎসর। অভিজ্ঞতা: এমআরএ নিবন্ধিত এবং পিকেএসএফ সহযোগী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ফিল্ড অফিসার/সমপদে সর্বোচ্চ ২-৩ বছর অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: শিক্ষানবিশকালে ২৪,০০০/- টাকা। স্থায়ীকরণের পর ২৭,১৬০/- টাকা। মোবাইল ভাতা, মোটরসাইকেল জ্বালানি ভাতা ইত্যাদি মাসিক বেতনের অন্তর্ভুক্ত নয়। মোবাইল ভাতা, মোটরসাইকেল জ্বালানি ভাতা ইত্যাদি আলাদাভাবে প্রদান করা হয় যা মাসিক বেতনের অন্তর্ভুক্ত নয়।	প্রার্থীদের মোটর সাইকেল/বাই-সাইকেল চালিয়ে কাজ করতে হবে বিধায় বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার। প্রার্থীদের কম্পিউটারে ওয়ার্ড, এক্সেল, বাংলা ও ইংরেজি টাইপিং এবং ইন্টারনেট ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার।
২)	ট্রেইনি ফিল্ড অফিসার (অনভিজ্ঞ) ক্ষুদ্রঋণ কার্যক্রম ৫০ জন	শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স: সর্বোচ্চ ৩৫ বৎসর। অভিজ্ঞতা: অভিজ্ঞতার প্রয়োজন নাই, তবে ক্ষুদ্রঋণ কার্যক্রমে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতন: অনভিজ্ঞদের ট্রেইনি ফিল্ড অফিসার হিসেবে নিয়োগ করা হবে এবং প্রথম ০৬ মাস শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ২০,০০০ (বিশ হাজার) টাকা ও স্থায়ীকরণের সময় ফিল্ড অফিসার হিসেবে মাসিক বেতন-ভাতা হবে ২৫,৬৮০/- টাকা। মোবাইল ভাতা, মোটরসাইকেল জ্বালানি ভাতা ইত্যাদি আলাদাভাবে প্রদান করা হয় যা মাসিক বেতনের অন্তর্ভুক্ত নয়।	প্রার্থীদের কম্পিউটারে ওয়ার্ড, এক্সেল, বাংলা ও ইংরেজি টাইপিং এবং ইন্টারনেট ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার।

অন্যান্য শর্তাবলী: ১। সকল পদের প্রার্থীদের সংস্থার কর্মএলাকা কিশোরগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, কুমিল্লা ও ঢাকা জেলার গ্রাম পর্যায়ে যেকোন স্থানে কাজ করতে সম্মত থাকতে হবে। উল্লেখিত কর্মএলাকার যেকোন স্থানে কাজ করতে সম্মত না থাকলে আবেদন করার প্রয়োজন নাই। ২। অভিজ্ঞদের ক্ষেত্রে সর্বশেষ ০৬ মাসের অধিক ক্ষুদ্রঋণ কার্যক্রমে কর্মরত নাই এবং অনিয়মের কারণে চাকুরীচ্যুত হয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। ৩। অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নাই। ৪। সকল পদে শিক্ষানবিশকাল ০৬ মাস। ৫। যোগদানের সময় সকল পদের প্রার্থীর জন্য মা/বাবা/আপন ভাই/বোন/নিকটতম আত্মীয় দ্বারা (কমপক্ষে একজন) জামিনদার হিসাবে নিশ্চয়তা প্রদান করতে হবে ৬। চাকুরীতে যোগদানের সময় সংস্থার নিয়মানুযায়ী সকল পদের প্রার্থীদের ১২,০০০/- টাকা জামানত/সিকিউরিটি (সংস্থা ত্যাগকালে লভ্যাংশসহ ফেরৎযোগ্য) হিসাবে প্রদান করতে হবে।

অন্যান্য সুবিধাদি: চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নিয়মানুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, বার্ষিক ইনক্রিমেন্ট, কর্মী কল্যাণ তহবিল থেকে চিকিৎসা অনুদান, মাতৃদ্ব/পিতৃদ্ব ছুটি সুবিধাসহ সংস্থার বিধি মোতাবেক অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

আবেদনের নিয়মাবলী: আগ্রহী প্রার্থীদেরকে লিখিত আবেদনপত্র, জীবন বৃত্তান্ত (সচল মোবাইল নম্বর ও ইমেইল এড্রেসসহ), জাতীয় পরিচয়পত্রের কপি, ড্রাইভিং লাইসেন্সের কপি, সকল শিক্ষাগত সার্টিফিকেটের কপি, অভিজ্ঞতা ও ট্রেনিং সার্টিফিকেটের কপি এবং ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ আবেদন আগামী ০৫.০৩.২০২৬ইং তারিখ এর মধ্যে নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে পাঠানোর জন্য অনুরোধ করা হলো। ইমেইলে প্রেরণের ক্ষেত্রে অবশ্যই উল্লিখিত ডকুমেন্টসমূহের স্ক্যান কপি পাঠাতে হবে। খামের উপর/ইমেইলের সাবজেক্ট লাইনে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল করা হবে। জমা পড়া আবেদনসমূহ হতে অগ্রাধিকার ভিত্তিতে তালিকাভুক্ত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। পরীক্ষার স্থান ও তারিখ যথাসময়ে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

আবেদন পাঠানোর ঠিকানা: প্রধান নির্বাহী কর্মকর্তা, পল্লী বিকাশ কেন্দ্র, ওয়াসী টাওয়ার, ৫৭২/কে (১১তলা), মিরপুর ডিওএইচএস রোড (ইসিবি চত্বরের কাছে), মাটিকাটা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। ই-মেইল-pbkhrd123@gmail.com

শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার এর জন্য ডাকা হবে। পিবিকে সকল নিয়োগ প্রক্রিয়ায় পূর্ণ স্বচ্ছতা অবলম্বন করে এবং জামানতের টাকা প্রধান কার্যালয় ব্যতীত অন্য কোন (বিকাশ/নগদ/রকেট) মাধ্যমে জমা নেওয়া হয় না। প্রধান কার্যালয় ব্যতীত আর্থিক লেনদেন করলে পিবিকে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। পিবিকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত শিথিল/সংশোধন/সংযোজনসহ যেকোন পর্যায়ে নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএডিএ প্রদান করা হবে না।

পল্লী বিকাশ কেন্দ্র সম্পর্কে বিস্তারিত জানতে সংস্থার ওয়েবসাইট <https://pbk-bd.org/> ভিজিট করতে পারেন।।